

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[ভ্যাট বিভাগ]

আদেশ

সাধারণ আদেশ নং-০৩/মুসক/ ২০১৭ তারিখঃ ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ / ০১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ বৃহৎ করদাতা ইউনিট - মুসক এর জন্য করদাতা নির্বাচন নীতিমালা।

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৭৮ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, বৃহৎ করদাতা ইউনিট-মুসক এর জন্য করদাতা নির্বাচনের লক্ষ্যে নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করিল, যথা:

২। বৃহৎ করদাতা ইউনিট- মুসক এর অধীক্ষেত্র ও করদাতার সংখ্যা।- (১) বৃহৎ করদাতা ইউনিট- মুসক এর অধীক্ষেত্র হইবে সমগ্র বাংলাদেশ।

(২) জাতীয় রাজস্ব বোর্ড, বৃহৎ করদাতা ইউনিট – মুসক এর প্রশাসনিক সক্ষমতা বিবেচনা করিয়া অনুচ্ছেদ ৩ এ বির্ণিত শর্তানুযায়ী প্রয়োজনীয় সংখ্যক বৃহৎ করদাতা নির্বাচন করিবে।

৩। বৃহৎ করদাতা ইউনিট- মুসক এর অধীন করদাতা নির্বাচনের শর্তাদি।— বৃহৎ করদাতা ইউনিট – মুসক এর অধীন কার্যক্রম পরিচালনার জন্য করদাতা নির্বাচনের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাদি প্রযোজ্য হইবে, যথা:

- (ক) বিগত ৩ (তিন) অর্থবছরে গড়ে পরিশোধিত করের পরিমাণ ন্যূনতম ১০ (দশ) কোটি টাকা হইবে;
- (খ) শাখা নিবন্ধনের ক্ষেত্রে প্রতিটি শাখার পরিশোধিত কর সমন্বিতভাবে বিবেচনা করিতে হইবে এবং প্রতিটি শাখায় বৃহৎ করদাতা ইউনিট-মুসক এর অধীক্ষেত্রাধীন আসিবে;
- (গ) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর অধীন বৃহৎ করদাতা ইউনিট – মুসক এর অধীন যে সকল প্রতিষ্ঠান কার্যক্রম পরিচালনা করিতেছিল উহারা সকলেই উক্ত কমিশনারেটের আওতাধীন থাকিবে।

৪। বৃহৎ করদাতা ইউনিট- মুসক এর অধীন করদাতা নির্বাচনের পদ্ধতি।—(১) নিম্নবর্ণিত কর্মকর্তার সমন্বয়ে প্রতিষ্ঠান নির্বাচনী কমিটি গঠিত হইবে, যথা:-

ক. সদস্য (মুসক নীতি)	আহবায়ক
খ. কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (মূল্য সংযোজন কর)	সদস্য
গ. প্রতিষ্ঠান সংশ্লিষ্ট কমিশনার	সদস্য
ঘ. দ্বিতীয় সচিব (মুসক নীতি)	সদস্য সচিব

(২) কমিটি প্রতিবছর অর্থবছর শেষে আগস্ট-সেপ্টেম্বর মাসে বৃহৎ করদাতা ইউনিট-মুসক এর অধীন কার্যক্রম পরিচালনাকারী করদাতাসহ ন্যূনতম ১০ কোটি টাকা কর পরিশোধ করে এমন সকল প্রতিষ্ঠানের তথ্য পর্যালোচনা করিয়া যাহাকে বৃহৎকরদাতা ইউনিট-মুসক এর আওতাধীন আনয়ন বা প্রত্যাহার করার জন্য উপযুক্ত বিবেচনা করিবেন তাহাদের নামের তালিকা তৈরি করিয়া বোর্ডের নিকট পেশ করিবেন।

(৩) বোর্ড চূড়ান্ত তালিকা সরকারি গেজেটে প্রকাশ করিবেন এবং ভ্যাট অনলাইন সিস্টেমে তাহাদের বৃহৎ করদাতা ইউনিট-মুসক এর অধীন আনয়ন বা উহা হইতে প্রত্যাহার করিয়া ভৌগলিক অধিক্ষেত্রাধীন কমিশনারেটে প্রত্যাবর্তণ করিয়া করদাতাকে অবহিত করিবেন এবং করদাতার নিবন্ধন সনদ (মুসক-২.৩) এ প্রয়োজনীয় সংশোধন করিবেন।

৪। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে এই আদেশ জারি করা হইলো। এই আদেশ জারির তারিখ হইতে স্বয়ংক্রিয়ভাবে এতদসংক্রান্ত পূর্ববর্তী সকল আদেশ বাতিল বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)
চেয়ারম্যান